DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Nov 2026, 04:07 PM

বিনোদন

যমুনা ফিউচার পার্কে জেমসের কনসার্ট আজ

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ২৩ অক্টোবর ২০২৬, ০৯:০৩ AM



দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিং কমপ্লেক্স রাজধানীর যমুনা ফিউচার পার্কে আজ শুক্রবার গান শোনাবেন দেশের ব্যান্ড সংগীতের জনপ্রিয় তারকা মাহফুজ আনাম জেমস।

এই শপিং কমপ্লেক্সের কার্নিভাল অ্যারেনায় বসছে □রক এন রিদম ৫.০ : নো লিমিটস ইন দ্য জোন□ শীর্ষক কনসার্ট। এতে নিজ দল নগরবাউল নিয়ে পারফর্ম করবেন জেমস।

এ প্রসঙ্গে তিনি বলেন, □দেশে অনেকদিন পর টিকিট কনসার্ট করছি। আশা করি শ্রোতা-দর্শক নতুন কিছু শুনতে ও দেখতে পাবেন।□

আয়োজক প্রতিষ্ঠান □অ্যাডভেন্টর কমিউনিকেশন□ এক ফেসবুক পোস্টে জানিয়েছে, বিশেষ এই আয়োজনে নগরবাউল ও আর্ক ছাড়াও দেশের জনপ্রিয় ব্যান্ড ওয়ারফেজ, অর্থহীন ও শূন্য পারফর্ম করবে।

পাশাপাশি, গিটারিস্ট ওনি হাসান ওয়ারফেজের সঙ্গে বিশেষ পরিবেশনায় অংশ নেবেন বলে জানা গেছে। সঙ্গে একক পরিবেশনাতেও থাকবেন তিনি। একে রাহুলও ওই কনসার্টে পারফর্ম করবেন বলে জানা গেছে।

এ বিভাগের আরও খবর



জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতায় দ্বিতীয় ধর্মপাশার নাবিল

৩১তম জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতা-২০২৬-এর সুনামগঞ্জ জেলা পর্যায়ের বাছাইপর্বে ১০ পারা গ্রুপে দ্বিতীয় স্থান অর্জন করেছে ধর্মপাশা উপজেলার ক্ষ...



এক দশকের দাম্পত্য জীবনের অবসান, বাংলাদেশে ফিরেছেন শাকিলা জাফর

প্রায় এক দশকের দাম্পত্য জীবনের ইতি টেনে বাংলাদেশে ফিরেছেন কবি ও সাবেক করপোরেট নির্বাহী শাকিলা জাফর। ভারতের কবি ও সাবেক করপোরেট নির্বাহী রবি...



অভিনয়ে ফিরতে চান খলনায়িকার চরিত্রে, জানালেন ক্যাটরিনা

দিনভর শুটিং শেষে বাড়ি ফেরেন ভিকি কৌশল। এরপর ক্লান্তি ভুলে মন দেন সন্তান ও সংসারে। স্বামী ও বাবা হিসেবে ভিকির এই দায়িত্ববোধ মুগ্ধ করেছে বলিউড...



স্তন ক্যানসারে মারা গেলেন অভিনেত্রী তুলনা

মাস ছয়েক আগে শরীরে ক্যানসার ধরা পড়েছিল মডেল, অভিনেত্রী ও উপস্থাপিকা তুলনা আল হারুনের। এরপর চলছিল চিকিৎসা। তবে শেষ পর্যন্ত বাঁচানো গেল না তাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/jmuna-fiuchar-parke-jemser-knsart-aj